

“শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



৩২.০০.০০০০.০১৮.১৬.০২৪.২০.২৮


তারিখ: ১৭/০১/২০২১

বিষয় : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কোর্সার ভিত্তিক উত্তম চর্চাসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৯/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত ‘নৈতিকতা কমিটির’ সভায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ‘জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২০-২১’ এর ৫.১ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত তালিকার ১-৫ নং উত্তম চর্চাসমূহ ৩য় কোর্সার্টারে এবং ৬-১০ নং উত্তম চর্চাসমূহ ৪র্থ কোর্সার্টারে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

বাস্তবায়নকাল	উত্তম চর্চার শিরোনাম
৩য় কোর্সার্টার (জানুয়ারী- মার্চ/২০২১)	১) নিজ অফিস কক্ষ পরিপাটি রাখা। ২) সেবাগ্রহীতাদের সাথে সৌজন্যমূলক আচরন করা। ৩) অফিসে এসে নিজের ডেস্ক পরিষ্কার- পরিচ্ছন্ন করার বিষয়টি নিশ্চিত করা। ৪) অফিসে প্রবেশের পর সর্বপ্রথমে হাত ধোয়া/হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করা। ৫) মাস্ক ,হ্যান্ড স্যানিটাইজার ও স্বাস্থ্যবিধি মেনে অফিস করা।
৪র্থকোর্সার্টার (এপ্রিল-জুন/২০২১)	৬) ওয়াশরুম ব্যবহারের পর পরবর্তী ব্যবহারকারীর ব্যবহার করার উপযুক্ত পরিবেশ বজায় রেখে ওয়াশরুম ত্যাগ করা ও ওয়াশরুমে দুর্গন্ধ দূরীকরণে এয়ার-ফ্রেশনার/ন্যাপথালিন ব্যবহার করা। ৭) মন্ত্রণালয়ে পত্র গ্রহণ ও প্রেরণ শাখা কর্তৃক বিশেষ ক্ষেত্রে চিঠিপত্র প্রাপ্তিস্বরূপ ‘ধন্যবাদ’ জ্ঞাপন পত্র প্রদান। ৮) অফিসের সরঞ্জামের অপচয় রোধ করে যথাযথ ব্যবহার নিশ্চিত করা। ৯) অফিসে ডাস্টবিন ব্যবহারে ব্যক্তি সচেতনতা বৃদ্ধি করা। ১০) ওয়াশরুম/করিডোরে উচ্চস্বরে অপ্রেয়োজনীয় কথা না বলা।

এমতাবস্থায়, এ মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখা কর্তৃক বাস্তবায়ন করে উত্তম চর্চাসমূহের কোর্সার্টার ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (প্রয়োজ্য ক্ষেত্রে প্রমাণক ও স্থির চিত্রসহ) আবশ্যিকভাবে এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন) বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৭/০১/২০২১
(মোহাম্মদ ইয়ামিন খান)
উপসচিব (প্রশাসন-১)
ফোন: ৯৫৪৫৯৯৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। কর্মকর্তা (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।[ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ০৩। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।[উত্তম চর্চার প্রচার ও অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির অনুরোধসহ]
- ০২। সিনিয়র সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।[সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির অনুরোধসহ]